সংবাদ

তারিখ : 11 AUG 2017
পৃষ্ঠা : ১৩ কলাম : ১

# বিদেশে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা স্বাস্থ্য বীমার ফি দিতে পারবে ব্যাংকে

*অর্থনৈতিক বার্তা পরিবেশক*

বিদেশি উচ্চশিক্ষায় গমনেচ্ছু শিক্ষার্থীদের শিক্ষাব্যয়ের সঙ্গে স্বাস্থ্য বীমার ফি পরিশোধের সুযোগ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। যেসব বিশ্ববিদ্যালয়ের ভর্তিতে এ ধরনের ফি পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে, শুধুমাত্র সেসব বিশ্ববিদ্যালয়েই পাঠানো যাবে। গতকাল কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করেছে।

কেন্দ্রীয় ব্যাংকের উপমহাব্যবস্থাপক মো. আবদুল মান্নান স্বাক্ষরিত পরিপত্রে বলা হয়েছে, বিদেশে উচ্চশিক্ষায় ভর্তিতে অনেক সময় মেডিকেল ইন্স্যুরেন্স (স্বাস্থ্য বীমা) বাবদ ফি প্রেরণের পূর্বশর্ত দেয়া হয়ে থাকে। কিন্তু এতোদিন এ শিরোনামে অর্থ পাঠানো যেতো না। তাই এখন থেকে অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকগুলো বিদেশে ভর্তিচ্ছু শিক্ষার্থীর শিক্ষাব্যয়ের সঙ্গে স্বাস্থ্য বীমার ফিও পাঠাতে পারবে। তবে যেসব বিদেশি প্রতিষ্ঠান স্বাস্থ্য বীমা পাঠানো বাধ্যতামূলক করেছে, শুধুমাত্র তাদের অনুকূলে পাঠানো যাবে। সেক্ষেত্রে ব্যাংককে প্রয়োজনীয় প্রমাণাদি সংরক্ষণ করতে বলা হয়েছে। এছাড়া বিদেশি ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অন্যান্য শর্ত অপরিবর্তিত রাখা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা যায়, বিদেশে পড়ালেখার ব্যয় ছাড়া শিক্ষার্থীরা ট্রানজিট ব্যয় বাবদ বছরে পাঁচশ ডলার খরচ করতে পারেন। এছাড়া ভর্তির প্রক্রিয়ায় মধ্যবর্তী সময়েও শিক্ষা ব্যয় পাঠানোর সুযোগ রয়েছে। পাশাপাশি শিক্ষার্থীদের অনুকূলে একমুখী টিকিটের বিপরীতে বৈদেশিক মুদ্রায় বার্ষিক ভ্রমণ কোটার অব্যবহৃত অঙ্কেও সম্পূর্ণটাই নিয়ে যাওয়ার সুযোগ রয়েছে।